গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় : সেপ্টেম্বর ২০২৩ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি : জনাব তানিয়া তাবাসসুম, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ : ২৫.০৯.২০২৩
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা জানান যে, আগস্ট/২০২৩ মাসে নেত্রকোণা মডেল থানায় দায়েরকৃত মামলা নিম্নরুপ ঃ
<table>
<tr><th>চুরি</th><th>নারী ও শিশু নির্যাতন</th><th>খুন</th><th>মানব পাচার</th><th>বিশেষ ক্ষমতা আইন</th><th>মাদক দ্রব্য</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr>
<tr><td>০৫</td><td>০৬</td><td>০১</td><td>-</td><td>০২</td><td>০৯</td><td>২০</td><td>৪৩</td></tr>
</table>
তিনি সড়ক দুর্ঘটনা নিয়ে সকলকে সোচ্চার হওয়ার আহবান জানান। জুয়া, মাদক, চুরি ও সামাজিকভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি জানান আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষে সদর উপজেলায় মোট ১১৯ টি পূজামন্ডপে পূজা অনুষ্ঠিত হবে। আইন-শৃঙ্খলা রক্ষায় পূজামন্ডপসমূহের রোডম্যাপ করা হচ্ছে এবং ক্লাস্টারে ভাগ করা হচ্ছে। এখন থেকেই এস আই পাঠিয়ে প্রত্যেক পূজামন্ডপের কমিটির সাথে আইন-শৃঙ্খলা বিষয়ে কথা বলা হচ্ছে। প্রতিটি পূজামন্ডপ সিসি ক্যামেরার আওতায় থাকবে বলে জানান।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>২.</td><td>চেয়ারম্যান, মৌগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>৩.</td><td>চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি আসন্ন শারদীয় দূর্গাপূজা আইন-শৃংখলা রক্ষায় পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। তিনি জানান তার ইউনিয়নে বালু মহাল নাই, মুক্তিঘাটে বালু তোলা হয় না।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>৪.</td><td>চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
</table>

CamScanner

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫. | সিংহের বাংলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৬. | আমতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৭. | লক্ষীগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৮. | চেয়ারম্যান, কাইলাটি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, পৌরসভার বিপুল পরিমাণ অটো ডিসি অফিসের সামনে যানজটের সৃষ্টি করে। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ করেন। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৯. | দক্ষিণ বিশিউড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১০. | চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১১. | রৌহা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১২. | চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১৩. | চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মদনপুর ইউনিয়নের বর্ডারে কেন্দুয়া উপজেলায় পাশে জুয়া খেলা হয়। এখানে মদনপুর ইউনিয়নের লোকজন জড়িত আছে। এমদাদ নামে একব্যক্তি জুয়ার আসরের আয়োজন করে। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।তাছাড়া মদনপুর মাজার কমিটির উদ্যোগে একটি ফুটবল টুর্ণামেন্টের আয়োজন করা হবে। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৪. | সভাপতি, বাংলাদেশ পুজা উদযাপন কমিটি সভায় জানান যে, এ বছর ১১টি ইউনিয়নে ৬২টি এবং পৌরসভায় ৫৭ মোট ১১৯টি পূজামন্ডপে শারদীয় দূর্গা পূজা অনুষ্ঠিত হবে। তিনি পূজামন্ডপসমূহের নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ১৫ | আনাসার ও ভিডিপি কর্মকর্তা জানান আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে সরকারি পরিপত্রের আলোকে প্রতিটি পূজামন্ডপে আনসার সদস্য নিয়োগ করা হবে। | শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে প্রতিটি পূজামন্ডপে প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োগ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৬. | ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি জানান মাদকের উপদ্রব বেড়ে গেছে। তিনি ব্যবসায়ী ও মাদকসেবীদের ধরে আইনের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ১৬. | মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার জানান যে, স্কুল ও কলেজে যাওয়ার সময় মেয়েরা যাতে ইভটিজিং এর শিকার না হয়। তিনি এ বিষয়ে নজর রাখার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। এ ছাড়া আইন শৃংখলার পরিস্থিতি ভালো। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) |
| ১৭. | সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণায় অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, পুলিশ, প্রশাসন ও জনপ্রতিনিধি সবাই মিলে কাজ করলে আইন শৃংখলা পরিস্থিতি অবনতি হওয়ার সম্ভবনা থাকবেনা। শারদীয় দূর্গাপূজা অক্টোবর-২০২৩ মাসে অনুষ্ঠিত হবে।পূজা উপলক্ষ্যে সকলকে সর্তক থাকতে হবে। এছাড়া তিনি ইউনিয়নের ছোটা ছোটা সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সদর উপজেলায় চুরি, মাদক, জুয়া বন্ধের ব্যাপারে পুলিশের পাশাপাশি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গ্রাম আদালতের এজলাস ব্যানার ও ফেস্টুন দিয়ে সাজিয়ে দেয়ার জন্য গ্রাম আদালত সমন্বয়কারীকে অনুরোধ জানান। তাছাড়া গ্রাম আদালতের মামলা নিষ্পত্তির উপর পুরস্কার চালু করার জন্য ও অনুরোধ জানান।

সভাপতি ইউনিয়ন পর্যায়ে স্বেচ্ছাসেবক কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। গ্রাম পুলিশদের সহায়তায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি মাদকের ব্যাপকতা, জুয়ার ব্যাপকতা দেখলে মোবাইল কোর্টের মাধ্যমে তা নিয়ন্ত্রণে আনা হবে বলে জানান। এছাড়া তিনি মাদক, ইভটিজিং বিষয়ে কোন ছাড় দেয়া হবে না মর্মে জানান। গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদান এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন। তাছাড়া তিনি আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে সকল পূজামন্ডপে আইন -শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় সংখ্যক গ্রামপুলিশ, আনসার সদস্য নিয়োগ থাকবে এবং পুলিশ টহল জোরদার করা হবে। প্রতিটি পূজামন্ডপে সিসি ক্যামেরা স্থাপন করা বাধ্যতামূলক এবং প্রতিটি পূজামন্ডপে নিজস্ব ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবক টীম নিয়োগ করতে এবং একটি রেজিস্ট্রার খাতা খোলার জন্য অনুরোধ জানান। তাছাড়া শারদীয় দূর্গাপূজা সুষ্ঠু সুন্দর ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানের সার্বিক সহযোগিতা কামনা করেন।

CamScanner

তিনি চুরি, মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ পুলিশি টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৯/২০২৩

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ৮১৭ তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী,সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি (বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থেঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলা ...........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ..................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২৫/০৯/২৩

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner